গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
তাড়াইল, কিশোরগঞ্জ
www.tarail.kishoreganj.gov.bd

স্মারক নং: ০৫.৪১.৪৮৯২.০০০.০০.০০১.২২- ৯০ তারিখ: ১০ মার্চ ২০২২ খ্রি.

# গণবিজ্ঞপ্তি

বিষয় : সুনাই বিল জলমহালের ইজারা কার্যক্রমের স্থগিতাদেশ প্রত্যাহার প্রসঙ্গে।

সূত্র : ১। এ কার্যালয়ের স্মারক নং: ০৫.৪১.৪৮৯২.০০০.০০.০০১.২২- ৫৭১, তারিখ: ২৭ ফেব্রুয়ারি, ২০২২ খ্রি.।
২। সরকারি উকিলের কার্যালয়, কিশোরগঞ্জ এর স্মারক নং: জি, পি/কিশোর-২০২২- ৫৯, তারিখ: ১০ মার্চ, ২০২২ খ্রি.।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, তাড়াইল উপজেলাধীন সুনাই বিল জলমহালের তফসিলভুক্ত ভূমির মালিকানা দাবী করে কিশোরগঞ্জ বিজ্ঞ তাড়াইল সহকারী জজ আদালতে রুজুকৃত ২৫৭/২০২১ সন অন্য নং মোকদ্দমায় প্রদত্ত স্থিতাবস্থার আদেশ ১০ মার্চ ২০২২ খ্রি. তারিখ সকাল ১০.০০ ঘটিকায় প্রত্যাহার হওয়ায় উক্ত জলমহালটির ইজারা কার্যক্রম গ্রহণ সংক্রান্ত এ কার্যালয়ের স্থগিতাদেশ প্রত্যাহার করা হলো।

স্বাক্ষরিত/-
(লুবনা শারমীন)
উপজেলা নির্বাহী অফিসার
ও
আহ্বায়ক
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
তাড়াইল, কিশোরগঞ্জ

স্মারক নং: ০৫.৪১.৪৮৯২.০০০.০০.০০১.২২- ৯০ তারিখ: ১০ মার্চ ২০২২ খ্রি.

০১। বীর মুক্তিযোদ্ধা এডভোকেট মোঃ মুজিবুল হক চুন্নু, মাননীয় সংসদ সদস্য, কিশোরগঞ্জ-৩।
০২। জেলা প্রশাসক, কিশোরগঞ্জ।
০৩। পুলিশ সুপার, কিশোরগঞ্জ।
০৪। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), কিশোরগঞ্জ।
০৫। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, তাড়াইল, কিশোরগঞ্জ।

সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলোঃ

০১। উপজেলা নির্বাহী অফিসার, ..............................., কিশোরগঞ্জ। অবগতি ও বহুল প্রচারের জন্য।
০২। রেভিনিউ ডেপুটি কালেক্টর, কিশোরগঞ্জ। অবগতি ও বহুল প্রচারের জন্য।
০৩। সহকারী কমিশনার (ভূমি), তাড়াইল, কিশোরগঞ্জ। অবগতি ও বহুল প্রচারের জন্য।
০৪। উপজেলা কৃষি অফিসার, তাড়াইল, কিশোরগঞ্জ।
০৫। উপজেলা মৎস্য কর্মকতা, তাড়াইল, কিশোরগঞ্জ।
০৬। উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, তাড়াইল, কিশোরগঞ্জ।
০৭। অফিসার ইন-চার্জ, তাড়াইল, কিশোরগঞ্জ।
০৮। উপজেলা প্রকৌশলী, এলজিইডি, তাড়াইল, কিশোরগঞ্জ।
০৯। সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল, তাড়াইল, কিশোরগঞ্জ।
১০। উপজেলা সমাজসেবা অফিসার, তাড়াইল, কিশোরগঞ্জ।
১১। উপজেলা সমবায় অফিসার, তাড়াইল, কিশোরগঞ্জ।
১২। চেয়ারম্যান/সচিব........................ ইউপি (সকল), তাড়াইল, কিশোরগঞ্জ।
১৩। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, .................................... ইউনিয়ন ভূমি অফিস, তাড়াইল, কিশোরগঞ্জ। প্রেরিত বিজ্ঞপ্তিটি তার ইউনিয়নের সকল মৎস্যজীবী সমবায় সমিতির অফিসসমূহে, ইউনিয়ন পরিষদ, ইউনিয়ন ভূমি অফিস এবং সর্বসাধারণের অবগতির জন্য জারী করে জারীর এস, আর কপি ফেরত দেয়ার জন্য অনুরোধ করা হলো।
১৪। সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, উপজেলা কার্যালয়, তাড়াইল, কিশোরগঞ্জ। তাকে বিজ্ঞপ্তিটি উপজেলা প্রশাসনের ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
১৫। জনাব............................................... ইজারাদার ........................................................... জলমহাল, তাড়াইল, কিশোরগঞ্জ।
১৬। নোটিশ বোর্ড/অফিস কপি/মাষ্টার ফাইল।

10/03/2022
(লুবনা শারমীন)
সহকারী কমিশনার (ভূমি) অঃ দাঃ
ও
সদস্য সচিব
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি

# সরকারী উকিলের কার্যালয়, কিশোরগঞ্জ

স্মারকনং জি, পি/কিশোর-২০২২-৫৯ তারিখঃ ১০/০৩/২০২২ খ্রিঃ

প্রেরকঃ সরকারী উকিল (জি, পি)
কিশোরগঞ্জ।

প্রাপকঃ জেলা প্রশাসক,
কিশোরগঞ্জ।

বিষয়ঃ- বিজ্ঞ তাড়াইল সহকারী জজ আদালতের ২৫৭/২০২১ নং অন্য প্রকার মোকদ্দমার সর্বশেষ অবস্থা সহ সুনাই বিল জলমহালের ইজারা সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মোকদ্দমাভূক্ত ভূমি সহ অপরাপর ভূমি কিশোরগঞ্জ জেলার তাড়াইল উপজেলার সুনাই বিল জলমহালের অর্ন্তভূক্ত ভূমি বটে। উক্ত জলমহালটি ইজারা প্রদানের মাধ্যমে রাজস্ব আদায় হচ্ছে। ভূমি মন্ত্রনালয়ের গত ১০/০২/২০২২ খ্রি. তারিখের ৩২ নং স্মারকে জারীকৃত প্রজ্ঞাপন অনুযায়ী সরকার পক্ষ বর্ণিত ভূমি সুনাই বিল জলমহাল হিসেবে ইজারা দেওয়া নিমিত্ত গত ২২/০২/২০২২ খ্রি. তারিখে বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়। অপরদিকে বর্ণিত ভূমি ইজারা না দেওয়া জন্য জৈনক মোঃ তহুর মিয়া গং বাদী হইয়া সরকার বিরুদ্ধে বিজ্ঞ তাড়াইর সহকারী জজ আদালতে ২৫৭/২০২১ নং অন্য প্রকার মোকদ্দমায় নিষেধাজ্ঞার আদেশ প্রার্থনা করিয়া স্থিতাবস্থার আদেশ হাসিল করিয়া নেয়। বর্ণিত মোকদ্দমার তথ্য বিবরণী উপজেলা হইতে গত ০৯/০২/২০২২ খ্রি. তারিখে ১৮ নং স্মারকে মহোদয়ের কার্যালয়ে প্রেরণ করা হলেও মহোদয়ের কার্যালয়ের আর. এম শাখা হইতে গত ০৩/০৩/২০২২ খ্রি. তারিখে বর্ণিত মোকদ্দমার স্থিতাবস্থার নোটিশ ও তথ্য বিবরণী নিম্ন স্বাক্ষরকারী বরাবরে প্রেরণ করা হয়। স্থিতাবস্থার নোটিশ ও তথ্য বিবরণী প্রাপ্ত হইয়া গত ০৬/০৩/২০২২ খ্রি. তারিখে বিজ্ঞ আদালতে সরকার পক্ষে বর্ণিত মোকদ্দমায় আপত্তি দাখিল করিয়া শুনাণী করিলে বিজ্ঞ আদালত ০৭/০৩/২০২২ খ্রি. তারিখ শুনানীর জন্য ধার্য্য করেন। সরকার পক্ষে গত ০৭/০৩/২০২২ খ্রি. তারিখে পুনঃ শুনানী করিলেও বাদী পক্ষ সময় প্রার্থনা করেন। বিজ্ঞ আদালত বাদী পক্ষের সময়ের দরখাস্ত মঞ্জুর ক্রমে গত ০৯/০৩/২০২২ খ্রি. তারেখ শুনানীর জন্য ধার্য্য করেন। গত ০৯/০৩/২০২২ খ্রি. তারিখে নিষেধাজ্ঞার বিষয়ে শুনানীর করিলে অদ্য ১০/০৩/২০২২ খ্রি. তারিখ সকাল ১০.০০ঘটিকার সময় দো'তরফা সুত্রে স্থিতাবস্থার আদেশ বাতিল সহ বাদীর অস্থায়ী নিষেধাজ্ঞার দরখাস্ত না-মঞ্জুর এর আদেশ প্রচার ও প্রকাশিত হয়। এমতাবস্থায় সরকার পক্ষে বর্ণিত সুনাই বিল জলমহালটি ইজারার কার্যক্রম গ্রহেণ আইনগত কোন বাধা নাই।

বিঃ দ্রঃ উল্লেখ্য যে, অনলাইনে ইজারা বিষয়ে আবেদন দাখিলের শেষ তারিখ অদ্য ১০/০৩/২০২২ খ্রি.

১০/০৩/২২

(বিজয় শংকর রায়)
সরকারী উকিল (জি, পি),
ও
ভি.পি কৌশুলী(অঃ দাঃ)
কিশোরগঞ্জ।

বিজয় শংকর রায়
সরকারী উকিল (জি.পি)
ও
ভি.পি কৌসুলী (অঃ দাঃ)
কিশোরগঞ্জ।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।

১। অতিরিক্ত জেলা প্রশাসক(রাজস্ব), কিশোরগঞ্জ।
২। উপজেলা নির্বাহী অফিসার, তাড়াইল, কিশোরগঞ্জ।
৩। সহকারী কমিশনার(ভূমি), তাড়াইল, কিশোরগঞ্জ।
৪। অফিস কপি।